

শ্রীশ্রীহরি সঙ্গীত

অপ্রকাশিত গানসমূহ

১৬৫ নং তাল-একতালা

প্রাণ খুলে ডাক হরিচাঁদে বসে নিঃস্বপ্নে।

ডাকলে পরে পাবি তারে দেখবি সে রূপ নয়নে ॥

১। নয়নে তুই দেখলি অপরূপ রূপ, দেখিয়া জন্মের মত
দিবিরে তুই ডুব।

তুই হৃদয় ধরে স্বরূপের রূপ, ছাড়বি না এ জীবনে ॥

২। নবদ্বারে তালা দিয়ে রাখ, মণিকোঠায় আলো জ্বলে
এক নিরিখে থাক।

তুই পলক দিলে হবি হারা, পাবি না পরম ধনে ॥

৩। পঞ্চ প্রাণে রাখিয়া সমান, অনুরাগের পাহারাদার
রাখ অনুক্ষণে।

ও তোর ছয় বিরোধী রাখো বাঁধি, শাসন রশির বন্ধনে ॥

৪। হৃদ মাঝে কুঞ্জ সাজায়ে, প্রাণ ফুলে করবি পূজা
যুগল মিলায়ে।

নয়নের জলে অঞ্জলী দিয়ে, এই যজ্ঞে দাও দক্ষিণে ॥

৫। তারকচাঁদ কয় শোনরে অশ্বিনী, তোর হৃদয় মাঝে
বিরাজ করে কমল-কামিনী।

হয়ে চাতক পাখি, থাক নিরখি পলক দিস না নয়নে ॥

১৬৬ নং তাল-একতালা

দীননাত দীনবন্ধু হরি, ভবসিন্ধু পার কর আমারে।

আমি ডুবে মরি দয়াল হরি, দয়াল হরি দুরন্ত সংসার সাগরে ॥